



দলীয় প্রার্থী না জিতলে ওই ইউনিয়নে কাজ দেব না: চিফ হুইপ



নূরুল ইসলাম মনি। ছবি: সংগৃহীত

দলীয় মনোনীত প্রার্থী নির্বাচনে জয়ী না হলে সংশ্লিষ্ট ইউনিয়নে কোনো উন্নয়নকাজ করবেন না বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ ও বরগুনা-২ আসনের সংসদ সদস্য নূরুল ইসলাম মনি। তাঁর এ বক্তব্য ঘিরে রাজনৈতিক অঙ্গনে আলোচনা তৈরি হয়েছে।

বৃহস্পতিবার (১৫ অক্টোবর) সন্ধ্যায় বামনা আসমাতুল্লাহ বালিকা বিদ্যালয় মাঠে উপজেলা বিএনপির কর্মসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

নূরুল ইসলাম মনি বলেন, দলীয় প্রার্থী জয়ী না হলে সংশ্লিষ্ট ইউনিয়নের মানুষ তাঁর কাছে উন্নয়নকাজের জন্য আসতে পারবেন না। দল যাকৈ মনোনয়ন দেবে, তাঁকে নির্বাচিত না করলে ওই ইউনিয়নে কোনো কাজ হবে না বলেও মন্তব্য করেন তিনি।

নিজের দেওয়া উন্নয়ন প্রকল্পের প্রসঙ্গ টেনে চিফ হুইপ বলেন, অনেক কাজ দেওয়া হয়েছে, যেগুলোর বাস্তবায়ন শুরু হবে। তবে দলীয় প্রার্থী জয়ী না হলে ওই ইউনিয়নে তিনি আর কাজ করবেন না।

বক্তব্যে বিরোধী দলের সমালোচনা করে তিনি বলেন, একটি সন্তান জন্ম নিতে ১০ মাস সময় লাগে, অথচ সরকার ক্ষমতায় আসার পাঁচ মাসের মধ্যেই গ্যাস ও বিদ্যুৎ সরবরাহের দাবিতে চাপ দেওয়া হচ্ছে। তিনি প্রশ্ন করেন, ‘গদি কি ছেড়ে দেওয়ার জন্য বসেছি?’

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলে বিদ্যুৎ খাতে দুর্নীতি ও অর্থ পাচারের অভিযোগও তোলেন নূরুল ইসলাম মনি। তাঁর দাবি, বিদ্যুৎকেন্দ্র স্থাপন ও বিদ্যুৎ কেনার চুক্তিতে ব্যাপক আর্থিক অনিয়ম হয়েছে এবং এ খাত থেকে এক লাখ কোটি টাকার বেশি অর্থ পাচার করা হয়েছে।

আদানি গ্রুপের সঙ্গে বিদ্যুৎ ক্রয় চুক্তির সমালোচনা করে তিনি বলেন, ওই চুক্তিতে ব্যয় করা অর্থ দিয়ে বাংলাদেশে পাঁচটি বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা সম্ভব হতো। এ ছাড়া শেখ হাসিনার বিরুদ্ধে ৩০ লাখ কোটি টাকা বিদেশে পাচারের অভিযোগও করেন তিনি।